

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

তথ্য অধিদফতর



আঞ্চলিক তথ্য অফিস, ময়মনসিংহ



সংবাদকক্ষ : ০২-৯৯৬৬৬১৩৭০ E-mail- pidmymensingh@gmail.com, Facebook: Pid Mymensingh

সংবাদ গতিধারা

স্থানীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার
সংখ্যা-১০৮/২০২২-২০২৩
ময়মনসিংহ, ১৪ ফেব্রুয়ারি, মঙ্গলবার ২০২৩, ০১ ফাল্গুন ১৪২৯

আজকের স্থানীয় দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে:

- ০১। মো. সাহাবুদ্দিনকে রাষ্ট্রপতি ঘোষণা করে প্রজ্ঞাপন জারি
- ০২। বন্ধুত্বপূর্ণ সম্পর্ক রেখেও বিশাল সমুদ্রসীমা অর্জনে সক্ষম হয়েছি: প্রধানমন্ত্রী
- ০৩। ১৭ কোটি মানুষের জন্য খাদ্য ও পুষ্টি নিরাপত্তায় সকল কৃষিবিদ কাজ করে যাবো: কৃষিমন্ত্রী
- ০৪। নেত্রকোনার দুর্গাপুরে শীতাত্তরিত অসহায়দের মাঝে কঞ্চল বিতরণ
- ০৫। সোনার বাংলা গড়তে হলে, সোনার মানুষ চাই: নিসচা চেয়ারম্যান

০১। মো. সাহাবুদ্দিনকে রাষ্ট্রপতি ঘোষণা করে প্রজ্ঞাপন জারি

মো. সাহাবুদ্দিনকে দেশের ২২তম রাষ্ট্রপতি হিসেবে ঘোষণা করে প্রজ্ঞাপন জারি করেছে নির্বাচন কমিশন (ইসি)। এর আগে রাষ্ট্রপতি পদে আর কোনো প্রার্থী না থাকায় তিনি বিনা প্রতিদ্বন্দ্বীতায় নির্বাচিত হন। সোমবার (১৩ ফেব্রুয়ারি) বিকেলে ইসি সচিব জাহাঙ্গীর আলম স্বাক্ষরিত প্রজ্ঞাপনে মো. সাহাবুদ্দিনকে রাষ্ট্রপতি ঘোষণা করা হয়। সূত্র: দৈনিক স্বজন, দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস, দৈনিক স্বদেশ সংবাদ, দৈনিক ময়মনসিংহ প্রতিদিন, দৈনিক আজকের ময়মনসিংহ, দৈনিক নিউ টাইমস, দৈনিক দেশের খবর, দৈনিক জাহান, দৈনিক দিনের পালা, দৈনিক সবুজ, দৈনিক সবুজ ও দৈনিক উর্মিবাংলা প্রতিদিন।

০২। বন্ধুত্বপূর্ণ সম্পর্ক রেখেও বিশাল সমুদ্রসীমা অর্জনে সক্ষম হয়েছি: প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, ভারত ও মিয়ানমারের সঙ্গে বন্ধুত্বপূর্ণ সম্পর্ক রেখেও আমরা আমাদের বিশাল সমুদ্রসীমা অর্জন করতে সক্ষম হয়েছি। সোমবার (১৩ ফেব্রুয়ারি) সকালে রাজধানীর শের-ই-বাংলা নগরে কোস্ট গার্ড সদরদপ্তরে বাংলাদেশ কোস্ট গার্ডের (বিসিজি) ২৮তম প্রতিষ্ঠাবার্ষিকী ও বিসিজি ডে-২০২৩ উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে একথা বলেন প্রধানমন্ত্রী। এসময় প্রধানমন্ত্রী উপকূলবাসীর প্রকৃত বন্ধু হতে বাংলাদেশ কোস্ট গার্ডের প্রতি আহ্বানও জানিয়েছেন। সূত্র: দৈনিক স্বদেশ সংবাদ, দৈনিক ময়মনসিংহ প্রতিদিন, দৈনিক স্বজন, দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস, দৈনিক আজকের ময়মনসিংহ, দৈনিক দেশের খবর, আজকের বাংলাদেশ, দৈনিক জাহান, দৈনিক দিনের পালা, দৈনিক সবুজ, দৈনিক সকালের দুনিয়া ও দৈনিক উর্মিবাংলা প্রতিদিন।

০৩। ১৭ কোটি মানুষের জন্য খাদ্য ও পুষ্টি নিরাপত্তায় সকল কৃষিবিদ কাজ করে যাবো: কৃষিমন্ত্রী

কৃষিমন্ত্রী মো. আব্দুর রাজ্জাক বলেছেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে দেশের ১৭ কোটি মানুষের খাদ্য ও পুষ্টি নিরাপত্তায় আমরা সকল কৃষিবিদ নিরলসভাবে কাজ করে যাবো। সোমবার (১৩ ফেব্রুয়ারি) সকালে বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের বঙ্গবন্ধু স্মৃতি চত্বরে পুষ্পার্ঘ অর্পণ, পায়রা ও বেলুন উড়িয়ে আনন্দ শোভাযাত্রায় অংশগ্রহণ ও কেক কেটে কৃষিবিদ দিবসের সুবর্ণজয়ন্তী অনুষ্ঠানের উদ্বোধন শেষে এসব কথা বলেন মন্ত্রী। এসময় মন্ত্রী কৃষিবিদদের সরকারি চাকরিতে প্রথম শ্রেণির পদমর্যাদার ঘোষণা দিয়েছিলেন বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান, জানিয়ে বঙ্গবন্ধুর স্মৃতিচারণ করেন। সূত্র: দৈনিক স্বজন, দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস, দৈনিক ময়মনসিংহ প্রতিদিন, দৈনিক আজকের ময়মনসিংহ, দৈনিক নিউ টাইমস, দৈনিক দেশের খবর, দৈনিক জাহান, দৈনিক দিনের পালা, দৈনিক সকালের দুনিয়া, দৈনিক সবুজ, দৈনিক উর্মিবাংলা প্রতিদিন।

০৪। নেত্রকোনার দুর্গাপুরে শীতাত্তরিত অসহায়দের মাঝে কম্বল বিতরণ

সোমবার (১৩ ফেব্রুয়ারি) নেত্রকোনার দুর্গাপুরে ‘বঙ্গমাতা ফতিলাতুন্নেছা মুজিব মহিলা সমবায় সমিতি’ দুর্গাপুর উপজেলা শাখা কর্তৃক শীতাত্তরিত অসহায়দের মাঝে কম্বল বিতরণ করা হয়েছে। এদিন দুপুরে নেত্রকোনার বিরিশিরি ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর কালচারাল একাডেমি চত্বরে ২ শত জন অসহায় ও দুঃস্থদের মাঝে এ কম্বল বিতরণ করা হয়। এ সময় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন নেত্রকোনা জেলা প্রশাসক অঞ্জনা খান মজলিশ। সূত্র: দৈনিক স্বজন, দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস ও দৈনিক নিউ টাইমস।

০৫। সোনার বাংলা গড়তে হলে, সোনার মানুষ চাই: নিসচা চেয়ারম্যান

নিরাপদ সড়ক চাই (নিসচা) এর প্রতিষ্ঠাতা চেয়ারম্যান ইলিয়াস কাঞ্চন বলেছেন, সোনার বাংলা গড়তে হলে সোনার মানুষ চাই। সোমবার (১৩ ফেব্রুয়ারি) নেত্রকোনার বিরিশিরিতে অবস্থিত ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর কালচারাল একাডেমি মিলনায়তনে অনুষ্ঠিত নেত্রকোনার দুর্গাপুরে ভয়াবহ বন্যায় ক্ষতিগ্রস্ত অসহায় দশটি পরিবারের মাঝে ঘর বিতরণ অনুষ্ঠানের উদ্বোধনকালে তিনি একথা বলেন। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন নেত্রকোনা জেলা প্রশাসক অঞ্জনা খান মজলিশ। সূত্র: দৈনিক সবুজ, দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস, দৈনিক স্বদেশ সংবাদ, দৈনিক নিউ টাইমস, দৈনিক স্বজন, দৈনিক দেশের খবর ও দৈনিক দিনের পালা।

সম্পাদকীয়

- (ক) **দৈনিক স্বদেশ সংবাদ:** বাঙালি ঐতিহ্য আর সংস্কৃতির ধারায় বাংলা পুঞ্জিকা বর্ষের শেষ ঋতু বসন্তের প্রথম দিনকে পালন করা হয় ‘পহেলা ফাল্গুন-বসন্ত উৎসব’ হিসেবে। বাসন্তী ভালোবাসায় উজ্জ্বল হোক সবার নিত্য সময়।
- (খ) **দৈনিক স্বজন:** দীর্ঘ ১১ বছরেও সাংবাদিক দম্পতি সাগর-রুনি হত্যাকাণ্ডের তদন্ত শেষ না হওয়া এবং বিচার না হওয়া খুবই বেদনাদায়ক। সাগর-রুনি হত্যা রহস্য অমীমাংসিত রাখার কোনো সুযোগ নেই। এই হত্যাকাণ্ডের বিচার অবশ্যই করতে হবে।
- (গ) **দৈনিক নিউ টাইমস, দৈনিক দেশের খবর, দৈনিক জাহান, দৈনিক দিনের পালা, দৈনিক উর্মিবাংলা প্রতিদিন ও দৈনিক সকালের দুনিয়া:** দেশে কিডনি রোগীর সংখ্যা দ্রুত বাড়ছে। স্বাস্থ্য অধিদপ্তরের তথ্য অনুযায়ী, এক বছরে হাসপাতালে ভর্তি হওয়া কিডনি রোগীর সংখ্যা বেড়েছে দ্বিগুণেরও বেশি। বিশেষজ্ঞ মতে, বাংলাদেশে কিডনি প্রতিস্থাপনকে এগিয়ে নেওয়ার জন্য দ্রুত যথাযথ আইনগত ও পেশাগত কাঠামো গড়ে তোলা প্রয়োজন। পাশাপাশি ডায়ালাইসিসের পর্যাপ্ত সুযোগসহ কিডনি চিকিৎসার সুযোগ-সুবিধা বাড়াতে হবে।

প্রবন্ধ/নিবন্ধ

- ০১। ফেব্রুয়ারি আত্মশ্রদ্ধার মাস দীপ্ত আশার মাস- আহমেদ আমিনুল ইসলাম (দৈনিক স্বজন)
- ০২। ফল আর্মিওয়ার্ম ও সমন্বিত বালাই ব্যবস্থাপনা-ড. মো. বুলুল আমীন (দৈনিক আজকের ময়মনসিংহ, দৈনিক নিউ টাইমস, দৈনিক দেশের খবর, দৈনিক জাহান, দৈনিক দিনের পালা, দৈনিক উর্মিবাংলা প্রতিদিন ও দৈনিক সকালের দুনিয়া)
- ০৩। ভালোবাসা নাকি স্বৈরাচার প্রতিরোধ দিবস! ভাবতে হবে তরুণদের!!- শ্যামা সরকার (আজকের বাংলাদেশ)
- ০৪। রাষ্ট্র ভাষা আন্দোলন চেতনার বাতিঘর- ড. মো. ছাদেকুল আরেফিন (দৈনিক সবুজ)

#